

সন্ধ্যায় নিহিত সংগীত

পিয়াস মজিদ

রঙমহলের মরচে পড়া কাণিশে ত্রিশঙ্কুর সুর। সন্ধ্যায় নিহিত সংগীত
ছুটছে। রাতের কৃষ্ণতায় দানা বাঁধা আলো তুমি। অহিংসার ছুঁড়ে দেয়া
তীব্রশ্রোতে ময়ূরের দেহ ভাসে। নষ্টনির্ব্বারে আমার মৃত্যু কাহিনীর
জোয়ার। তবু ধলহরের ঋজু রক্তপাতেই সব ডুবন্ত সঙ্গম। ভারি এই
দিনের তনু ঘিরে করুণতার হাওয়া। এখানে, মৃত্যুসভায় ফেলে যাওয়া
ফুলের নগ্ন শ্বাস।

কোলাজ

সুবীর সরকার

অসংগত ঘাসবন, স্রোতের পাশে নাকে

নোলক

স্বপ্নের বিবরণী আর পিচে পড়া হর্ষধ্বনি

অনুসরণকারী লুকিয়ে রাখছে খেলনা পিস্তল

অশংত ঘাসবন। ভয়াবহতার সাথে জলরেখা।

যাবার অধিক কোনও বন নেই

তারায়িক টুকু

ছিলে গান, শীত সকালের এই শিথিলতা ছেড়ে

আরো ঘূর্ণি, জাহাজডুবির দেশে গিয়ে দ্যাখো-

দুইবোন, ষোলগুটি ছুঁয়ে দ্যায় যেখানে চকখড়ির

লুকানো গোপন দাগ, জানে তারা প্রেমিকের

দীর্ঘচিঠির ভুলবানান, বোবাকান্না, নির্জনতা কী উদ্বেগ

লিখে যেতে পারে ঐ ভুলমানুষ।

শোনো গান, কেনা শাদাপাথরেরই ক্ষমতা ঐ শূন্যতার

পাশে বসে একচুমুক বৃষ্টি; খরার দেশ তাই আজ

হাঁসে ভরে গেল। আমাদের নিচুঘর, দেয়ালের

ঐদিকে যে আছেন গাঢ় টিকটিকি, জানো তুমি

অগণ্য মিথ্যা বলেন, প্রতিরাতে, জীর্ণ স্ত্রী - সকাশে